আলমডাঙ্গার বন্ডবিলে নৌকা প্রতিকের মিছিল ও পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা পৌর এলাকার ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে উপজেলা, পৌর ও ওয়ার্ড আওয়ামীলীগের নেতা-কর্মীরা ওই মিছিল ও পথসভায় অংশগ্রহণ করে।

মিছিল ও পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস।

৯নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শহিদ মোল্লার সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সিনিয়র সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, ক্রিয়া সম্পাদক টুটুল, কেন্দ্রীয় কৃষকের দপ্তর সম্পাদক নাজমুল হক পানু, উপজেলা কৃষকলীগের সভাপতি আজিজুল হক, পৌর আওয়ামীলীগের দপ্তর সম্পাদক চপল মুন্সী, সাবেক পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, টিংকু মোল্লা, মাহফুজুর রহমান লিমন মোল্লা, নুরুন্নবী, আকবার আলী, বাক্কা, সাফায়ত হোসেন, আব্দুল্লাহ আল মামুন, ওয়ার্ড যুবলীগের সাধারন সম্পাদক সেলিম রেজা, মিছিল ও পথসভায় সঞ্চালনা করেন সাবেক কাউন্সিলর ও পৌর যুবলীগের যুবকের যুগ্নআহবায়ক মামুনুর রশিদ হাসান।

মিছিল ও পথসভায় নেতৃবৃন্দরা বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার কোন বিকল্প নেই। নৌকা মানেই উন্নয়ন। এই উন্নয়নকে ধরে রাখতে আবারো সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনকে নৌকায় ভোট দিয়ে নির্বাচিত করতে হবে।

আলমডাঙ্গায় নির্বাচনী মিছিল ও পথসভায় এমপি-ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্বাচনী মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে এক নির্বাচনী গণ-মিছিল বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এর আগে-বিকেল ৩ টা থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, পৌর এলাকার ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা দলে দলে মিছিলে অংশ গ্রহন করেন। শহর জুড়ে নৌকার স্লোগানে মুখরিত হয়ে ওঠে।

নির্বাচনী মিছিলটি পায়ে হেটে পৌর শহরের আলতায়েবা মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় হাজার হাজার নেতাকর্মীদের উপস্থিতিতে জনসভায় পরিণত হয়। পথসভা অনুষ্ঠানে আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। এসময় পথসভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের নৌকা প্রতিকের প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, `আজকের এই পথসভা জনসমুদ্রে পরিণত হয়েছে। বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার জনগণ আজকে আওয়ামীলীগের নৌকা ও শেখ হাসিনার উপর সমর্থন আছে এটা আলমডাঙ্গাবাসী বুঝিয়ে দিতে সক্ষম হয়েছে। এ পথসভা , গত কয়েকদিন আগে দু-পাঁচটি লোক নিয়ে একটি মিছিল করেছিলো। তাদের উদ্দেশ্যে বলি – দেখে যান, এমপি নির্বাচন কিভাবে করতে হয়। তাদের বলি আপনারা দেখেন, বোঝেন, শেখেন এবং সঠিক লাইনে চলার চিন্তা করেন।

চুয়াডাঙ্গা-১ আসনে (চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা) সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা আওয়ামীলীগের উদ্যোগে নির্বাচনী পথসভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে তিনি আরো বলেন, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি এটাই প্রমাণ করে

সভাপতি দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, আব্দুল মালেক, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, সম্পাদক আব্দুর রাজ্জাক, বাড়াদীর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, নেছার আহমেদ প্রিন্স, পৌর যুবলীগের আসাদুল হক ডিটু, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, সোহেল রানা শাহিন, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

আলমডাঙ্গার ১ নং ওয়ার্ডে নৌকার মিছিল ও পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বিচনে চুয়াডাঙ্গা-১ আসনের প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকা প্রতিকের পক্ষে আলমডাঙ্গায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সন্ধ্যায় পৌরসভার ১নং ওয়ার্ডের স্টেশন এলাকায় এ পথসভা অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে অনুষ্ঠিত নৌকা প্রতিকের এ পথসভার পূর্বে বিকেল সাড়ে ৫ টার দিকে একটি নির্বাচনি মিছিল এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় বক্তাগণ বলেন,নৌকা হলো উন্নয়ন ও অগ্রগতির প্রতিক। নৌকা বিজয়ী হলেই দেশের উন্নয়ন হয়। আজকে এই ১৫ বছরে আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে,তা আপনাদের কারো অজানা নয়। উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকায় ভোট দিতে হবে। ছেলুন

জোয়ার্দ্দারকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

১নং ওয়ার্ডের কাউন্সিলর উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৩ নং ওয়ার্ড কাউন্সিলর ও সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম স্বপন, গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক সামসুল ইসলাম সামু, দপ্তর সম্পাদক রিপন, চিৎলা ইউনিয়ন যুবলীগ নেতা টিটু, উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক রিমন, প্রচার সম্পাদক আলো, ছাত্রলীগ নেতা শান্ত, জিংকু, সৌরভ, রাজন, পিয়াস, তোতা, দেলোয়ার হোসেন, মামুন, শাহিন প্রমুখ।

আলমডাঙ্গায় ছেলুন জোয়ার্দ্দারের নৌকার সমর্থনে জাসদের মিছিল ও পথসভা

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামীলীগের মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকার সমর্থনে আলমডাঙ্গায় জাসদ মিছিল ও পথসভা করেছে।

গতকাল শনিবার বিকেলে পৌর এলাকার গোবিন্দপুর গ্রাম থেকে বের হওয়া মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ৭১’র মোড়ের স্বাধীনতা স্তম্ভ এলাকায় পথসভা করেন।

পথসভায় জেলা জাসদ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ও সাবেক মেয়র এম.সবেদ আলী বলেন, আমরা ১৪ দলীয় জোটের শরিক দল। আমরা এই নির্বাচনে ছেলুন ভাইয়ের নৌকা প্রতিকের পক্ষে ভোট করছি। দেশের উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। তাই আগামী ৭ জানুয়ারী ছেলুন ভাইকে নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়ী করতে হবে।

পথসভায় উপস্থিত ছিলেন জাসদ নেতা নজরুল ইসলাম, রশিদ আলী, ইকরামুল হক, আব্দুল আল মামুন, রাজ্জাক আলী, রবিন, রাজু, রিয়াজ, মুন্নাহ, তানজিম, হৃদয় প্রমূখ।

[redacted]

[redacted] (GPS) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বক্তাদের বক্তব্যে আমি বুঝতে পেরেছি। একটা কথা- আপনাদের ভোট আপনারা দিবেন, যাকে খুশি তাকে দিবেন। যদি আপনারা মনে করেন দিলীপ আপনাদের ভাই কিংবা বন্ধু অথবা সন্তান মনে করেন, তাহলে আগামি ৭ জানুয়ারি ঈগল মার্কায় ভোট দিয়ে বিজয়ী করবেন। আমি যদি আগামি জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হতে পারি, তাহলে আলমডাঙ্গার মানুষের সু-চিকিৎসার জন্য আর বাইরের জেলায় যেতে হবে না। শিক্ষার জন্যও এ জেলা তথা আলমডাঙ্গার মানুষ বাইরে লেখাপড়া করতে যেতে হবে না। আলমডাঙ্গাতে গড়ে তোলা হবে উন্নতমানের হাসপাতাল ও ইউভার্সিটি।

দিলীপকুমার আগরওয়ালা বলেন, আলমডাঙ্গার প্রতিটি ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সম্মত চিকিৎসা সেবা নেই। আমি আপনাদের সমর্থনে ভোটে নির্বাচিত হই, তবে আলমডাঙ্গা-চুয়াডাঙ্গা স্মার্ট হিসেবে গড়ে তুলবো।

নির্বাচনী মিছিল ও পথসভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও সাবেক কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য শেখ সামসুল আবেদিন খোকন, সাবেক জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও সাবেক আইলহাঁস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুল মালেক, সাবেক জেলা আওয়ামীলীগের সদস্য অ্যাডভোকেট শফি, জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও সাবেক ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাউসার আহম্মেদ বাবলু, পৌর আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান ফারুক, ভাইসচেয়ারম্যান ও উপজেলা ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, সাবেক খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কাজী রবিউল হক, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ৬ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রেজাউল হক তবা, কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি মোহাম্মদ রানা মন্ডল, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান, আলমডাঙ্গা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক সাজ্জাদুল ইসলাম স্বপন, চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভানেত্রী আফরোজা পারভিন, উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ও আওয়ামী লীগ নেত্রী কাজী মারজাহান নিতু, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামরুজ্জামান

সামিম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু। এছাড়াও আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সাধারণ সম্পাদক কাজী চন্দন, হৃদয়, সজিব, টিটন, সাব্বির, তপু, নিপ্পন, সাইদ, মিলু, নয়ন, জিবন,রুবেল, জিবন প্রমূখ।